

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১০ মাঘ, ১৪২১/২৩ জানুয়ারি, ২০১৫

নং-০৪.৪২৩.০২২.০২.০২.০০১.২০১০-১১ সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সউদি আরবের মহামান্য বাদশাহ্, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু, বাদশাহ্ আবদুল্লাহ বিন আবদুল আজিজ আল-সউদের ইন্তেকালে ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আগামীকাল ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।

৩। সউদি বাদশাহর বুহের মাগফেরাতের জন্য আগামীকাল ২৪ জানুয়ারি ২০১৫ শনিবার বাংলাদেশের সকল মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হবে। অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে তাঁর আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা)
মন্ত্রিপরিষদ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)/রাষ্ট্রপতির কার্যালয়/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/নির্বাচন কমিশন সচিবালয়/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)। তাঁর বিভাগের সকল জেলা প্রশাসককে অবহিত করার অনুরোধসহ।
- ৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা। তাঁকে উপর্যুক্ত প্রজ্ঞাপন বাংলাদেশ টেলিভিশনসহ সকল টেলিভিশন চ্যানেল, বাংলাদেশ বেতারসহ সকল রেডিও চ্যানেল এবং জাতীয় দৈনিক পত্রিকাসমূহে জরুরিভিত্তিতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।
- ৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররাম, ঢাকা।
- ৭। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়। সরকারি গেজেটে প্রকাশ এবং মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে ২০০ কপি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৮। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রিগণের একান্ত সচিব।
- ৯। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।